



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
জেলা সমবায় কার্যালয়
মৌলভীবাজার।



cooperative.moulvibazar.gov.bd

স্মারক নং: ৪৭.৬১.৫৮০০.০০০.২০.১৪২.০৮.৮২০

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

প্রতি

স্বত্বাধিকারী/ব্যবস্থাপক

.....
.....।

বিষয়: কম্পিউটার (ল্যাপটপ) সরবরাহের দরপত্র/কোটেশন বিজ্ঞপ্তি।

চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব বাজেটের আওতায় জেলা সমবায় কার্যালয়, মৌলভীবাজার-এর জন্য সংযুক্ত সিডিউল ও স্পেসিফিকেশন মোতাবেক ০১ (এক) টি কম্পিউটার (ল্যাপটপ) সরবরাহের “দরপত্র/কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন” (RFQ) পদ্ধতিতে আগ্রহী প্রকৃত সরবরাহকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র/কোটেশন আহ্বান করা যাচ্ছে। প্রদত্ত শর্তাবলি পূরণসাপেক্ষে আগ্রহী প্রকৃত সরবরাহকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানকে সংযুক্ত সিডিউল, স্পেসিফিকেশন ও নির্ধারিত ছক পূরণপূর্বক নিজস্ব প্যাডে আগামী ২৫/০৮/২০২২ তারিখ বেলা ১০.০০ ঘটিকার মধ্যে জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, মৌলভীবাজার বরাবর সীলমোহরকৃত খামে কোটেশন/দরপত্র দাখিল করতে অনুরোধ করা হলো।

নির্ধারিত ছক

| Sl. No. (ক্র. নং.) | Description (বর্ণনা) | Qty (পরিমাণ) | Unit Single price (কোটেশন দাতার দেয় একক দর) | | Unit Total price (কোটেশন দাতার দেয় মোট দর) | |
|-----------------------|-------------------------|-----------------|---|-------|--|-------|
| | | | অঙ্কে | কথায় | অঙ্কে | কথায় |
| | | | | | | |

:-শর্তাবলি:-

১. দরপত্র/কোটেশন এর সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, তফসিলী ব্যাংককর্তৃক আর্থিক স্বচ্ছলতার সমর্থনে সনদপত্র, TIN নম্বরসহ সনদপত্র এবং ভ্যাট নিবন্ধন সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।
২. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিকৃত আইটেমের পরিমাণ বাড়ানো বা কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।
৩. দর উল্লেখ করার সময় টাকার পরিমাণ অঙ্কে ও কথায় লিখতে হবে এবং কোটেশন/দরপত্রে কোন কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য নয়। একক দর ও মোট দরের মধ্যে কোন গরমিল দেখা দিলে একক দর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
৪. অবশ্যই সরকারি নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।
৫. অন্যান্য শর্ত যা সংশ্লিষ্ট অফিস তার কাজ সম্পাদন করার ক্ষেত্রে প্রয়োজন মনে করবে তা সংযুক্ত করতে পারবে। উক্ত ক্রয় প্রক্রিয়ায় সাধারণ উন্মুক্তকরণ প্রক্রিয়া থাকবে না। ক্রয়কারী সর্বনিম্ন দর উল্লিখিত দরপত্র গ্রহণ করতে বাধ্য থাকবেন না।
৬. দরপত্র/কোটেশনসমূহ আগামী ২৫/০৮/২০২২ তারিখ বেলা ১০.০০ ঘটিকার মধ্যে জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, মৌলভীবাজারে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করা যাবে। খামের উপরে ‘কোটেশন’ শব্দ টি লিখতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণের পর কোন অবস্থাতে কোন দরপত্র/কোটেশন গ্রহণ করা হবে না। একই দিন বেলা ১০.৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।
৭. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতীত যেকোন কোটেশন/দরপত্র গ্রহণ এবং সকল কোটেশন/দরপত্র পূর্ণ বা আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
৮. সরবরাহকৃত মালামালে কোন ক্রটি ধরা পড়লে অথবা কোটেশন/দরপত্র মূল্যায়ন কমিটি সিডিউল মোতাবেক অভিমত ব্যক্ত করলে তা অবশ্যই সরবরাহকারী প্রতিষ্ঠানকর্তৃক নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিবর্তন বা সংশোধন করে দিতে বাধ্য থাকবেন। এ ক্ষেত্রে কোনরূপ ওজর আপত্তি গৃহীত হবে না। সরবরাহকৃত মালামাল সম্পূর্ণ নতুন ও উন্নত মানের হতে হবে। দরের মধ্যে সংস্থাপন (Installation), পরিবহন খরচসহ সাকুল্যে এককদরের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে।

২

৯. সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে সিডিউল ও স্পেসিফিকেশন মোতাবেক ০১ (এক) টি কম্পিউটার (ল্যাপটপ) সরবরাহপূর্বক বিল দাখিল করতে হবে। বিলের টাকা আয়কর ও ভ্যাট কর্তনপূর্বক চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

১০. শর্ত ভঙ্গের কারণে জেলা সমবায় কার্যালয়, মৌলভীবাজার এর কোন ক্ষতির উদ্ভব ঘটলে সেই ক্ষতির দ্বিগুণ পরিমাণ অর্থ আদায়ে এ কার্যালয়ের ক্ষমতা থাকবে এবং এটি গণদাবী (Public Demand) হিসাবে গণ্য হবে।

(মোহাম্মদ রাহিম উদ্দিন তালুকদার)

জেলা সমবায় কর্মকর্তা

মৌলভীবাজার।

ফোন: ০৮৬১-৫২৬৬২

E-mail: dco.moulvibazar@yahoo.com

২২/৮/২২

বিতরণ :

- ১। নোটিশ বোর্ড, জেলা সমবায় কার্যালয়, মৌলভীবাজার।
- ২। নোটিশ বোর্ড, জেলা প্রশাসক এর কার্যালয়, মৌলভীবাজার।
- ৩। নোটিশ বোর্ড, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার।
- ৪। নোটিশ বোর্ড, জেলা তথ্য অফিস, মৌলভীবাজার।
- ৫। নোটিশ বোর্ড, বিআরটিএ অফিস, মৌলভীবাজার।
- ৬। নোটিশ বোর্ড, উপজেলা সমবায় কার্যালয়, সদর, মৌলভীবাজার।
- ৭। সভাপতি, ক্রয় কমিটি, জেলা সমবায় কার্যালয়, মৌলভীবাজার।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) :

- ১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
- ২। জেলা হিসাবরক্ষণ ও ফাইন্যান্স অফিসার, মৌলভীবাজার।
- ৩। অফিস নথি।

(মোহাম্মদ রাহিম উদ্দিন তালুকদার)

জেলা সমবায় কর্মকর্তা

মৌলভীবাজার।

২২/৮/২২